# ENVIRONMENT MANGEMENT SYSTEM POLICY AND PROCEDURE
## (পরিবেশ ব্যবস্থাপনা নীতিমালা বা পদ্ধতি)

**উদ্দেশ্য ঃ** স্প্রিং ট্রেড লিমিটেড সব সময়ই সুস্থ ও সুন্দর পরিবেশ ব্যবস্থাপনার উপর গুরুত্ব দিয়ে থাকে। কর্মীদের নিরাপত্তা ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ সৃষ্টিই এই নীতিমালার লক্ষ্য। সেই সাথে এও লক্ষ্য রাখা যে, ব্যবসা পরিচালনা করতে গিয়ে কারখানা সংশ্লিষ্ট এলাকার পরিবেশ ও সামাজিক অবস্থার উপর কোন রূপ বিরূপ প্রভাব সংঘটিত না হওয়া।

**স্বাস্থ্যকর কাজের পরিবেশ এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য যে সমস্ত নীতিমালা গ্রহণ করা হয়েছে সে গুলো নিম্নরূপ ঃ**

১) পরিবেশ, নিরাপত্তা এবং স্বাস্থ্য আইন বিধি ও চুক্তি অনুযায়ী বিভিন্ন ছক ও নির্দেশিকার মাধ্যমে আমরা অভ্যন্তরীন মান পর্যবেক্ষণ করি।

২) কক্ষের অভ্যন্তরীন সব দেয়াল, শ্রমিকদের কাজের ঘর, মেঝে এবং সিঁড়িগুলো ময়লা ও দুর্গন্ধমুক্ত এবং সঠিকভাবে চুনকাম করা।

৩) মেঝের অপ্রয়োজনীয় ময়লা সর্বদাই ক্লিনার দ্বারা পরিস্কার করানো এবং প্রতি সপ্তাহে একবার জীবানু নাশক ও গুড়ো সাবান দিয়ে ধৌত করা হয়।

৪) উৎপাদন প্রক্রিয়ার দরুন যে সমস্ত কাপড়ের টুকরা, সুতা ও অন্যান্য ময়লা আবর্জনা বের হয় তা লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়। ব্যবসায়ীরা এ সমস্ত জিনিস গুলো তুলায় রূপান্তরিত করে নিত্যপ্রয়োজনীয় জিনিস তৈরী করেন যা পরিবেশের জন্য ক্ষতিকারক নয়। ব্যবহারকৃত ময়লা পানি এবং অন্যান্য ময়লা আবর্জনা প্রবাহিত হয়ে যাওয়ার মত যথেষ্ট ড্রেন এবং সেফটি ট্যাংক আছে। ফলে ময়লা জমে দুর্গন্ধ ছড়ানোর কোন সম্ভাবনা নাই।

৫) পুরাতন ভাঙ্গা টিউব লাইট লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়।

৬) কর্মীদের কাজের স্থানে প্রয়োজনীয় বায়ুচলাচল এবং উপযুক্ত তাপমাত্রা বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সজাষ্ট ফ্যান ব্যবস্থা করা হয়েছে।

৭) কর্মীদের পর্যাপ্ত পরিমানে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য সুবিধাজনক স্থানে পানির ফিল্টার স্থাপন করা হয়েছে এবং কর্মীদের বোঝার সুবিধার্থে বাংলায় এবং ইংরেজতে "বিশুদ্ধ খাবার পানি" নির্দেশনা দেয়া আছে। পানির ফিল্টারগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিস্কার পরিচ্ছন্ন করা হয়।

৮) কারখানা আইন অনুযায়ী কোম্পানীতে কর্মরত শ্রমিকদের জন্য সহজে ব্যবহারযোগ্য এবং সুবিধাজনক স্থানে প্রয়োজন মাফিক পায়খানা ও প্রস্রাবখানার ব্যবস্থা করা হয়েছে। এ সমস্ত পায়খানা ও প্রস্রাবখানাগুলো যথোপযুক্তভাবে স্বাস্থ্য সম্মত উপায়ে পরিস্কারক অথবা জীবানু নাশক দ্বারা প্রতি দুই ঘন্টা পর পর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়।

উৎপাদনের নিমিত্তে বা কোন যন্ত্র পরিচালনা/ব্যবহারের নিমিত্তে বা কোন উৎপাদনের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত কার্য্য সম্পাদনের নিমিত্তে বা ব্যবস্থাপনা কার্য্যক্রম পরিচালনার মাধ্যমে ব্যবহৃত সকল দ্রব্য কাঁচামাল, আনুসঙ্গিক মালামাল যাহা প্রয়োজনীয়তা হারাইয়াছে/ব্যবহারের যোগ্যতা হারাইয়াছে/গুনাগুণ হারাইয়াছে ইত্যাদি বর্জ্য হিসাবে ধরা হয় বা চিহ্নিত করা হয়।

**বর্জ্য সনাক্তকরণ**

১. মেডিক্যাল বর্জ্য (প্রাথমিক চিকিৎসা)।

২. খাদ্য সামগ্রির বর্জ্য।

৩. সেনিটারী বর্জ্য।

৪. প্যাকেজিং মেটেরিয়াল (হ্যাঙ্গার, পলিথিন, পেপার ও প্লাষ্টিক জাতীয় দ্রব্য)

৫. জুট বা কাপড়ের ছাঁট।
৬. ব্যবহার অনুপযোগী ফ্লুইড, কেমিক্যাল মেশিন ওয়েল ইত্যাদি।
৭. বৈদ্যুতিক সরঞ্জামাদির বর্জ্য (ভাঙ্গাঁ টিউবলাইট, ফিউজ টিউব লাইট, পি,ভি,সি পাইচ, সুইচ ইত্যাদি)

**বিপদজ্জনক ও ক্ষতিকারক বর্জ্য**

১. বিভিন্ন ধরনের অব্যবহৃত তৈল, ফ্লুইড যাহা সহজে দাহ্য।
২. বিভিন্ন ধরনের কেমিক্যাল যাহা শরীরের জন্য ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর যেমন- থিনার, স্পিরিট, এসিড ইত্যাদি।

**বিপদজ্জনক নয় এমন বর্জ্য**

১. প্যাকেজিং মেটেরিয়াল যেমন- হ্যাংগার, পলিথিন, পেপার কার্টুন ইত্যাদি।
২. কাটা কাপড় বা কাপড়ের ছাঁট।
৩. বৈদ্যুতিক সরঞ্জামাদির বর্জ্য যেমন- ইলেকট্রিক্যালের অব্যবহৃত তার, ভাঙ্গাঁ সুইচ, ফিউজ টিউব লাইট, ভাঙ্গাঁ টিউব লাইট, পিভিসি পাইপ ইত্যাদি।

**বর্জ্য রাখার কন্টেইনার**

১. লিকুইড বর্জ্যগুলি কন্টেইনারের মধ্যে রাখা।
২. সেনিটারী বর্জ্যগুলি ঝুড়িতে রাখা (পলিথিনের মধ্যে)।
৩. জুট ও অন্যান্য আনুসঙ্গিক দ্রব্যাদি বস্তায় ভরে এবং র‍্যাকের মধ্যে রাখা।
৪. বৈদ্যুতিক সরঞ্জামগুলি কাঠের বক্সের মধ্যে রাখা।
৫. মেডিকেল বর্জ্যগুলি প্লাষ্টিক কন্টেইনার বা প্লাষ্টিক ঝুঁড়িতে রাখা।

**বর্জ্য চিহ্নিতকরণ**

১. ক্ষতিকারক বর্জ্য (শারীরিক ও পরিবেশ)।
২. সহজে জ্বলে বা দাহ্য বর্জ্য।
৩. পচনশীল বর্জ্য।
৪. অপচনশীল বর্জ্য।
৫. বিপদজ্জনক বর্জ্য।

**বর্জ্য গুদামজাতকরণ**

১. ক্ষতিকারক বর্জ্যগুলিকে সম্পূর্ণ আলাদা করে রাখা।
২. বৈদ্যুতিক সরঞ্জামাদির বর্জ্যগুলিকে আলাদা করে রাখা।
৩. বিপদজ্জনক বর্জ্যগুলিকে আলাদা করে রাখা।
৪. লিকুইড বা দাহ্য বর্জ্যগুলিকে আলাদা করে রাখা।
৫. জুট গুলিকে আলাদা করে রাখা।
৬. প্লাষ্টিক জাতীয় বর্জ্যগুলিকে আলাদা করে রাখা।

**বর্জ্যের তালিকাকরণ**

১. রেজিষ্ট্রারের মাধ্যমে রেকর্ড রাখা।
২. তারিখ দেওয়া।
৩. নাম্বার দেওয়া।
৪. বর্জ্যের নাম লেখা।
৫. সংখ্যা উল্লেখ করা।
৬. শ্রেণী উল্লেখ করা।

**বর্জ্য অপসারণ**

১. জুট/বর্জ্য যাহারা রিসাইকেলিং করে তাদেরকে দেওয়া হয়।
২. পেপার/কার্টুন ইত্যাদি বর্জ্য লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়।
৩. হেংগার, পলিথিন, ইত্যাদি বর্জ্য লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়।
৪. ইলেকট্রিক্যাল সরঞ্জামাদি লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়।
৫. সেনিটারী বর্জ্য ও খাদ্য সামগ্রির বর্জ্য স্থানীয় প্রশাসন কর্তৃক নির্ধারিত ডাষ্টবিনে ফেলার ব্যবস্থা করা।

**কারখানার পরিস্কার পরিচ্চন্নতার জন্য নিম্নলিখিত পদ্ধতি গুলো অনুসরন করা হয় ঃ**

১. কারখানার প্রতি সিঁড়িতে ময়লা ও কফ থুথু ফেলার জন্য ১টি করে Spittoon দেওয়া রয়েছে।
২. প্রতি ফ্লোরে যথেষ্ট সংখ্যক ময়লা ফেলার ঝুঁড়ি দেওয়া আছে।
৩. ময়লা এবং নষ্ট জিনিসপত্র পরিস্কারের জন্য প্রত্যেক সেকশনে একজন করে ক্লিনার রয়েছে।
৪. টয়লেট পরিস্কার সহ অন্যান্য ময়লা পরিস্কারের জন্য প্রত্যেক ফ্লোরে একজন করে সুইপার দেওয়া আছে।
৫. নিটিং, লিংকিং, ফিনিশিং এবং ডাইনিং এলাকায় জুট, ময়লা, খাবারের উচ্ছিষ্টাংশ পরিস্কারের জন্য প্রয়োজনীয় সংখ্যক ক্লিনার রয়েছে।

**বর্জ্য অপসারন নীতিমালা:**

ফ্লোরের সকল ময়লা নিদিষ্ট ঝুঁড়িতে ফেলা হয়। উক্ত ঝুড়ি গুলো প্রতিদিন ক্লিনার/সুইপার পরিস্কার করে এবং কারখানার বাইরে নির্দিষ্ট ডাস্টবিনে ফেলে দেয় যা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক Dispose হয়।

**বর্জ্য -০১: অপসারন নীতিমালাঃ**

**Aspet:** ব্যবহৃত পানি/স্বাস্থ্যসম্মত পায়খানা/প্রাকৃতিক কাজকর্ম, ধুলাবালি, খাবারের উচ্ছিষ্টাংশ, ব্যবহৃত কাগজ, আবর্জনা, বাতিল কাপড়ের টুকরা ইত্যাদি।

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** Used water/ Sanitation/ Natural Sanitation এর পানি, ব্যবহৃত ময়লা পানি এবং প্রবাহিত পানি সেনিটেশনের পাইপ দিয়ে কারখানার Sanitation Tank এ Disposal হয়। এগুলো রক্ষিত ডাষ্টবিনে জমা হয় এবং প্রতিদিনের ময়লা কারখানার ডাষ্টবিনে ফেলা হয় যা স্থানীয় ব্যবস্থার মাধ্যমে পরিস্কার হয়। প্রতিদিনকার ফেব্রিকের জুট বা রিজেক্ট কাটপিস গুলো Designated Area তে রাখা হয় এবং এগুলো লাইসেন্সধারী বৈধ ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয়।

**বর্জ্য -০২: অপসারন নীতিমালাঃ**

**Aspet:** খালি ড্রাম/খালি কন্টেনার/খালি বোতল /ব্যবহৃত প্লাষ্টিক ইত্যাদি।

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** উক্ত খালি ড্রাম গুলো ফ্লোরের একটি নিদিষ্ট স্থানে (Designated Area) তে জমা হয় এবং পরবর্তীতে এগুলো Supplier/Local Agent এর কাছে Recycle এর জন্য ফেরৎ/ বিক্রি করা হয়।

**বর্জ্য -০৩ (কাঠ): অপসারন নীতিমালাঃ**

**Aspet:** ভাঙ্গা কাঠের বাক্স, অব্যবহৃত চেয়ার, অব্যবহৃত আসবাবপত্র।

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** এগুলো প্রথমে Repair করা হয়। যেগুলো Repair করা সম্ভব না সেগুলো ষ্টোরে Designated Area তে জমা করা হয় এবং পরবর্তীতে এগুলো Recycling এর জন্য প্রস্তুকারক/Local Agent এর নিকট বিক্রি করা হয়।

**বর্জ্য -০৪ (মেটাল): অপসারন নীতিমালাঃ**

**Aspet:** অব্যবহৃত আয়রন/বয়লার, অব্যবহৃত আয়রন রড, অব্যবহৃত মেশিনারী, যন্ত্রাংশ, অব্যবহৃত সিজার/কাটার, ক্যাবল ইত্যাদি।

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** এগুলো প্রথমে Repair করা হয়। যেগুলো Repair করা সম্ভব হয় না সেগুলো ষ্টোরে Designated Area তে সাময়িক জমা করা হয় এবং পরবর্তীতে এগুলো Recycling এর জন্য প্রস্তুকারক/Local Agent এর নিকট বিক্রি করা হয়।

**বর্জ্য -০৫ (মালপত্র): অপসারন নীতিমালাঃ**

**Aspet:** সুতা, বোতাম, হ্যাঙ্গার, পলি, জিপার ইত্যাদি।

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** Carton, Button, Hanger, Fabric, Polly, Zipper ইত্যাদি যে সকল Accessories Leftover হয় তা মূলত তিন ভাবে Dispose করা হয়।

01.Repeat Order 02. Stok Order 03. New Order এবং কিছু Sample তৈরীর কাজে ব্যবহার করা হয়। এর পর ও যে সমস্ত Accessories Leftover /Reject হিসাবে Surplus থেকে যায় তা Designated Area তে Store করা হয় এবং নিদিষ্ট সময় পর পর Wastage হিসাবে Dispose করা হয়।

**বর্জ্য -০৬ (Other): অপসারন নীতিমালাঃ**

**Aspet:** ফিউজ টিউব লাইট, ভাঙ্গা গ্লাস এবং অন্যান্য অব্যবহৃত জিনিস

**Impact:** ময়লা, দূর্গন্ধ, নীচুমানের হাউজকিপিং,শারীরিক জখম এবং পরিবেশ দূষণ, অস্বাস্থ্যকর অবস্থা, রোগজীবানু ইত্যাদি।

**Disposal:** এগুলো প্রথমে Recycling এর উপযোগী হয় তা হলে সাময়িক ভাবে ষ্টোরের একটি নিদিষ্ঠ স্থানে (Designated Area) তে জমা করা হয় এবং পরবর্তীতে এগুলো Recycling এর জন্য Local Agent/প্রস্তুতকারকের নিকট বিক্রয় অথবা ফেরত পাঠানো হয়।

**পরিবেশ সংরক্ষণ ঃ**

১. কারখানার ভিতরে ও বাইরে পরিবেশ সর্বদা স্বাস্থ্যকর রাখা হয়।
২. কারখানার ভিতরে এবং বাইরের পরিবেশ স্বাস্থ্যের জন্য কোন হুমকী না হয় সে জন্য প্রতিদিন ময়লা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে অপসারন করা হয়।
৩. বাথরুম/টয়লেটের সকল বর্জ্য নিস্কাশনের সু-ব্যবস্থা আছে।
৪. জেনারেটর/অন্যান্য মেশিনের চালিত কালো ধোঁয়া (যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর) নিস্কাশনের সু-ব্যবস্থা আছে।

৫. কারখানায় কর্মরত সকলের স্বাস্থ্য সুরক্ষার জন্য পান করার বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা আছে। এ জন্য পানি পরীক্ষার ব্যবস্থা এবং পানি বিশুদ্ধ করণ মেডিসিন দ্বারা পানির বিশুদ্ধতা নিশ্চিত করা হয়।

৬. প্রতিটি বয়লারের জন্য বয়লার স্থাপনের অনুমতি/সনদ আছে।

৭. যথোপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে জেনারেটর স্থাপনের অনুমতি আছে।

৮. সরবরাহকারীদের অবশ্যই পরিবেশ সংক্রান্ত সকল জাতীয় আইন মেনে চলতে হবে। উক্ত কারখানায় সে নীতি মেনে চলা হয়।

পরিচালক
স্প্রি ট্রেড লিঃ